

পরিকল্প নং- ৩১৩

মোকাম্মেল এ হায়াত (হজ্জু বীমা)

প্রত্যেক সামর্থবান মুসলীমের জীবনে একবার হজ্জু করা ফরজ। হজ্জু পালনের মাধ্যমেই মানুষ তার জীবনের পাপ ও কালিমা দূর করে পূর্ণতা লাভ করে। প্রত্যেক মুসলীম যেন হজ্জু করার সুযোগ ও সৌভাগ্য লাভ করেন সেকথা চিন্তা করেই প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড চালু করেছে জীবন পূর্ণতা বা হজ্জু বীমা। এ তাকাফুল জীবন বীমা ইসলামী পন্থায় মুদারাবা নীতির ভিত্তিতে পরিচালিত হবে।

এ বীমার মূল বৈশিষ্ট্য হচ্ছে যে, এ পলিসির অধীনে অর্জিত জমা ইসলামী শরীয়াহ মোতাবেক বিনিয়োগ করা হবে। আপনি কোন বছর হজ্জু করবেন তা নিশ্চিত করে পলিসির মেয়াদ ঠিক করতে পারেন। এখানে উল্লেখ্য যে, যেহেতু হজ্জুর খরচ প্রতি বছরই বাড়ছে তাই হজ্জু বীমাতে বীমা অংকের পরিমাণ প্রতি বছর প্রতি হাজারে ৫০ টাকা করে বাড়তে থাকবে।

যেমন ধরুন আপনি ৭ বছর পর হজ্জু করতে চান। হজ্জুর জন্য বর্তমান খরচ পড়ে ১,১০,০০০/- টাকা। অতএব ৭ বছর পর হজ্জুর খরচ হাজারে ৫০ টাকা হারে বেড়ে হবে ১,৪৩,০০০/- টাকা। মেয়াদ পূর্তির শেষে যখন হজ্জু করতে যাবেন তখন আপনাকে ১,৪৩,০০০/- টাকাই প্রদান করা হবে। আর যদি হজ্জু যাওয়ার আগেই মারা যান তাহলে বর্ধিত অংকসহ বীমা অংক আপনার পরিবারকে প্রদান করা হবে। যেমন যদি পলিসি আরম্ভ হওয়ার ৫ বছর পর মৃত্যু হয়, তবে ১,৩২,০০০/- টাকা প্রদান করা হবে। মেয়াদ পূর্তির পূর্বে স্থায়ী ও সম্পূর্ণ অক্ষমতায় (PDAB সিডিউল এর বর্ণনা মোতাবেক) সব জমা ফেরত দেওয়া হবে। এ বীমাতে মেয়াদ পূর্তির পূর্বেই হজ্জু যাওয়ার সুযোগ রয়েছে। তবে এজন্য অতিরিক্ত জমা দিতে হবে। মেয়াদপূর্তির পূর্বে নূন্যতম তিন বৎসর পলিসি চালু রাখার পর যদি হজ্জু যেতে চান তাহলে, প্রমান সাপেক্ষে সম্পূর্ণ জমা লাভ-লোকসানের ভিত্তিতে ফেরত দেয়া হবে অন্যথায় সার্ভিস চার্জ কর্তন সাপেক্ষে জমা ফেরত দেয়া হবে। তিন বছর চালু রাখার পর জমা দেয়া বন্ধ করে দিলে এবং জমাকৃত টাকা কোম্পানীর কাছে গচ্ছিত রাখলে মেয়াদ পূর্তিতে লাভ ক্ষতির ভিত্তিতে জমাকৃত টাকা ফেরত দেয়া হবে।